

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২১, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৭ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৭.১৮৮।—গত ১৪ জুন ২০১৭ তারিখে লন্ডনের নর্থ কেনসিংটনের লাটিমার রোডস্থ গ্রেনফিল টাওয়ারে এক ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এই ভয়াবহ অগ্নিকাণ্ডে কয়েকজন বাংলাদেশিসহ ১৭ জন নিহত হয়েছেন। এ ছাড়া ৪১ জন নিখোঁজ রয়েছেন।

২। এ মর্মান্তিক অগ্নিকাণ্ডের ঘটনায় যুক্তরাজ্যের সরকার ও জনগণের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে, নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করে, তাঁদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে এবং আহত ব্যক্তিগণের দ্রুত আরোগ্য লাভের জন্য প্রার্থনা করে মন্ত্রিসভার ০৫ আষাঢ় ১৪২৪/১৯ জুন ২০১৭ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ৬৮১৯ )

মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা: ০৫ আষাঢ় ১৪২৪  
১৯ জুন ২০১৭

গত ১৪ জুন ২০১৭ তারিখে লন্ডনের নর্থ কেনসিংটনের লাটিমার রোডস্থ গ্রেনফিল টাওয়ারে এক ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এই ভয়াবহ অগ্নিকাণ্ডে কয়েকজন বাংলাদেশিসহ ১৭ জন নিহত হয়েছেন। এ ছাড়া ৪১ জন নিখোঁজ রয়েছেন যারা নিহত হয়েছেন মর্মে আশঙ্কা করা হচ্ছে। উক্ত অগ্নিকাণ্ডে শতাধিক ব্যক্তি আহত হয়েছেন মর্মে জানা যায়। নিখোঁজ ব্যক্তিদের মধ্যে ব্রিটিশ-বাংলাদেশি একটি পরিবারের ৫ জন সদস্যসহ কয়েকজন বাংলাদেশি নাগরিক এবং বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটিশ নাগরিক রয়েছেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৬ জুন ২০১৭ তারিখে সুইডেনে রাষ্ট্রীয় সফর শেষে দেশে প্রত্যাবর্তনকালে লন্ডনে হিথ্রো বিমানবন্দরে যাত্রাবিরতির সময় উক্ত অগ্নিকাণ্ডের ঘটনায় ক্ষতিগ্রস্তদের সার্বিক সহযোগিতা প্রদানের জন্য যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনারকে নির্দেশ প্রদান করেন। মন্ত্রিসভা এ মর্মান্তিক অগ্নিকাণ্ডের ঘটনায় যুক্তরাজ্যের সরকার ও জনগণের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে। মন্ত্রিসভা নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করছে এবং তাঁদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে। একইসঙ্গে মন্ত্রিসভা আহত ব্যক্তিগণের দ্রুত আরোগ্য লাভের জন্য প্রার্থনা করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd